গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

বিষয়ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোছাঃ নূরজাহান খাতুন<br>যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| স্থান | : | সভাকক্ষ |
| তারিখ | : | ২৮.০৩.২০২৩ |
| সময় | : | বেলা ১২:০০ ঘটিকা |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট-ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হলো নাগরিক অর্থাৎ সেবাগ্রহীতা ও সেবাপ্রদানকারী দপ্তর/সংস্থার মধ্যকার একটি চুক্তি (Agreement) যা সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও শৃংখলা আনয়ন করে। সেবা সংক্রান্ত সকল তথ্য নাগরিকের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এছাড়াও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে গত ১৯ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সদস্য ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রোগ্রামার প্রকৌশলী মুঃ শহীদুল ইসলাম সভায় মন্ত্রিপরিষদ বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও নির্দেশিকা নিয়ে আলোচনা করেন। সভায় প্রত্যেক দপ্তরের ফোকাল পার্সনদের কাছে স্ব স্ব দপ্তরের অগ্রগতি জানতে চাওয়া হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট ও জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) বাস্তবায়ন অগ্রগতি জেনে সভাপতি মহোদয় ধন্যবাদ জ্ঞাপন করেন এবং দপ্তর/সংস্থা থেকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সভায় উপস্থিত হওয়ার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। তাছাড়াও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিবর্তনের বিষয়ে কমিটির সভাপতি মতামত প্রকাশ করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ যথাসময়ে যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিতপূর্বক আগামী ১০ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে প্রমাণকসহ মন্ত্রণালয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে;

(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সভায় মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত থাকতে হবে।

(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ এ উল্লেখিত লক্ষ্যমাত্রাসমূহ আগামী ৩০ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে অর্জন নিশ্চিত করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৯/০৩/২০২৩ ইং
(মোছাঃ নূরজাহান খাতুন)
যুগ্মসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

নম্বর ৩৮.০০.০০০০.০০২.৩৪.০০১.২২-৪২১

তারিখঃ ১৫ চৈত্র ১৪২৯ / ২৯ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (প্রশাসন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. অফিস কপি।

২৯/০৩/২৩

(ড. নার্গিস বেগম)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৯২৮
ই-মেইল: dsad2@mopme.gov.bd